**AKASHVANI(Kolkata)**

**Regional News Unit**

**Date: 01-01-2026** **Desk in Charge:- Susmita M.**

**Time: 7-50 PM** **Compiling :- Sudip B.**

**DEO: KB** **NRT : Sudip Basu**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ -

**<u>বিশেষ বিশেষ খবর –</u>**

১/ দেশের প্রথম 'বন্দে ভারত' স্লিপার ট্রেন, কলকাতা ও গুয়াহাটির মধ্যে চলাচল করবে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে।

২/ কলকাতা হাইকোর্টের নির্দেশে বাতিল হওয়া কোনও OBC সার্টিফিকেট, SIR–এর কাজে ব্যবহার করা যাবে না বলে নির্দেশিকা জারি করেছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর।

৩/ বিরোধী দলের কণ্ঠস্বরকে প্রতিহত করতে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পুলিশ প্রশাসনকে কাজে লাগাচ্ছেন বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন।

৪/ যুবভারতীতে মেসিকাণ্ডে টিকিটের টাকা ফেরত দেওয়ার প্রক্রিয়া শুরু করছে রাজ্য সরকার গঠিত বিশেষ তদন্তকারী দল বা সিট।

৫/ ইংরেজী নববর্ষের প্রথম দিন, উৎসবের মেজাজে রাজ্যবাসী। #কাশিপুর উদ্যানবাটিতে পালিত হচ্ছে কল্পতরু উৎসব।

৬/ উত্তুরে বাতাসে ভর করে রাজ্য জুড়ে আজ'ও শীতের দাপট অব্যাহত।

*********************************************************

দেশের প্রথম ‘বন্দে ভারত’ স্লিপার ট্রেন, কলকাতা ও গুয়াহাটির মধ্যে চলাচল করবে বলে কেন্দ্রীয় সরকার জানিয়েছে। আজ নতুন দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানান, আগামী ১৫ থেকে ২০ দিনের মধ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই ট্রেন উদ্বোধন করবেন। তিনি বলেন, দেশীয়ভাবে তৈরি বন্দে ভারত স্লিপার ট্রেনের চূড়ান্ত হাই-স্পিড ট্রায়াল সফলভাবে সম্পন্ন হয়েছে। ১৬ কোচের এই ট্রেন দীর্ঘ দূরত্বের ভ্রমণের জন্য তৈরি, যা এক হাজার থেকে দেড় হাজার কিলোমিটার পর্যন্ত চলাচল করবে। তিনি আরও জানান, ট্রেনটিতে আধুনিক সুবিধা রয়েছে—আরামদায়ক স্লিপার বার্থ, স্বয়ংক্রিয় দরজা এবং আধুনিক টয়লেট। ভাড়া নির্ধারণ করা হয়েছে—তৃতীয় এসি ২ হাজার ৩০০ টাকা খাবার সহ, দ্বিতীয় এসি ৩ হাজার টাকা এবং প্রথম এসি ৩ হাজার ৬০০ টাকা।

*********************

কলকাতা হাইকোর্টের নির্দেশে বাতিল হওয়া কোনও OBC সার্টিফিকেট, এসআইআরের কাজে ব্যবহার করা যাবে না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক-এর দপ্তর থেকে জারি করা নির্দেশিকায় বলা হয়েছে, হাইকোর্টের নির্দেশ অনুযায়ী SIR সংক্রান্ত শুনানির সময় কোন্ কোন্ ওবিসি শংসাপত্র গ্রহণযোগ্য হবে, সে বিষয়ে স্পষ্ট উল্লেখ করা হয়েছে। সেই অনুযায়ী ২০১০ সালের আগে জারি হওয়া এবং হাইকোর্টে চ্যালেঞ্জ না হওয়া ওবিসি শংসাপত্রগুলিই আইনত বৈধ হিসেবে গণ্য হবে। একইসঙ্গে নির্বাচন কমিশনের অনুমোদিত নথির তালিকাভুক্ত ২০১০ সালের পর জারি হওয়া এবং হাইকোর্টের অন্তর্বর্তী নির্দেশে স্থগিতাদেশ না থাকা শংসাপত্রগুলি শর্তসাপেক্ষে বিবেচিত হতে পারে। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জেলা নির্বাচনী আধিকারিক, ইআরও এবং এইআরও-দের নির্দেশ দেওয়া হয়েছে, শুনানির সময় কোনও নথি গ্রহণের ক্ষেত্রে আদালতের নির্দেশ এবং নির্বাচন কমিশনের রূপরেখা কঠোরভাবে মানতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট শংসাপত্রের সত্যতা যাচাইয়ের জন্য অতিরিক্ত নথি তলব করা যাবে। পাশাপাশি, ভবিষ্যতে আদালতের কোনও নতুন নির্দেশ এলে সেই অনুযায়ী প্রক্রিয়ায় পরিবর্তন আনা হবে বলেও জানানো হয়েছে।

*********************

বিরোধী দলের কণ্ঠস্বরকে প্রতিহত করতে রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পুলিশ প্রশাসনকে কাজে লাগাচ্ছেন বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন। আজ সামাজিক মাধ্যমে এক পোস্টে শুভেন্দুবাবু লেখেন, ২০২১ সালের বিধানসভা নির্বাচন পরবর্তী ৫ বছরে ১০৪ বার তাঁর শান্তিপূর্ণ সভা-মিছিলে প্রশাসন বাধা দিয়েছে। প্রতিবারই তাঁকে অনুমতি পেতে হাইকোর্টের দ্বারস্থ হতে হয়েছে বলেও উল্লেখ করেন বিরোধী দলনেতা। তিনি সামাজিক মাধ্যমে এসংক্রান্ত একটি তালিকাও প্রকাশ করেছেন।

*********************

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কর্মসূচী থেকে বাড়ি ফেরার পথে দাউদপুরে বিজেপি কর্মীদের ওপর হামলার অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকদের বিরুদ্ধে। বিজেপির সংখ্যালঘু সেলের নেতা আব্ববাস বেগকে ব্যাপক মারধোর করা হয় বলে অভিযোগ। তাঁর অভিযোগ, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের জনস্বাস্থ্য কর্মাধ্যক্ষ সামসুল ইসলামের নেতৃত্বে এই হামলা চলে। যদিও অভিযোগ অস্বীকার করেছেন সামসুল।

*********************

তৃণমূল কংগ্রেস ক্ষমতায় থাকলে, তা' শুধু এরাজ্যের জন্য নয়, গোটা দেশের সার্বিক নিরাপত্তার ক্ষেত্রেও বিপজ্জনক বলে বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ মন্তব্য করেছেন। আজ কলকাতায় সাংবাদিকদের কাছে তিনি বলেন, ২৬-এর নির্বাচনে বিজেপি, রাজ্য ক্ষমতায় আসবে।

( বাইট- দিলীপ ঘোষ )

গতকাল কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ-র সঙ্গে আলাদাভাবে বৈঠক করা পর আজ সল্টলেকে দলীয় কার্যালয়ে গিয়ে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যের সঙ্গে সাক্ষাত করেন দিলীপবাবু। দলে কোনোরকম আদি-নব্য দ্বন্দ্ব নেই বলেও এদিন স্পষ্ট জানান দিলীপ ঘোষ।

*********************

‘আজকের প্রসঙ্গ’ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা- ‘অটল ভারত: নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে একটি বছর’।

আইনজীবী দেবজিৎ সরকারের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা।

আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

*********************

যুবভারতীতে মেসিকাণ্ডে টিকিটের টাকা ফেরত দেওয়ার প্রক্রিয়া শুরু করল রাজ্য সরকার গঠিত বিশেষ তদন্তকারী দল বা সিট। গত ১৩ ডিসেম্বর যুবভারতীতে ওই অনুষ্ঠানের টিকিট বিক্রি করে করে ১৯ কোটি টাকা আয় হয়েছিল। মেসিকে দেখতে না পেয়ে স্টেডিয়ামে ভাঙচুর চালায় উত্তেজিত জনতা। তারপরেই গ্রেপ্তার করা হয় অনুষ্ঠানের মূল উদ্যোক্তা শতদ্রু দত্তকে। সেইসময় পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছিল, টিকিটের সব টাকা ফেরত দেওয়া হবে। সেই মত আদালতের অনুমতি নিয়ে টাকা ফেরতের কাজ শুরু করা হচ্ছে বলে প্রশাসনিক সূত্রে জানা গেছে।

*********************

নতুন বছরের প্রথম দিনেই উৎসবের মেজাজে শহরবাসী। গতকালের মত আজও আলিপুর চিড়িয়াখানা, ভিক্টোরিয়া মেমোরিয়াল সহ কলকাতার দর্শনীয় স্থান এবং জেলার পর্যটন স্থলগুলিতে ভিড় করতে শুরু করেছেন বহু মানুষ। কোনোরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে শহর জুড়ে পুলিশের তরফে চলছে কড়া নজরদারি। এসপ্ল্যানেড, পার্কস্ট্রীট, ময়দান, রবীন্দ্রসদন সহ বিভিন্ন মেট্রো স্টেশনে অতিরিক্ত RPF কর্মী মোতায়েন করা হয়েছে। একাধিক রাস্তায় নিয়ন্ত্রণ করা হচ্ছে যান চলাচল।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন – ( ভয়েসকাস্ট- অভিজিৎ )

মুর্শিদাবাদের বিষ্ণুপুর কালিবাড়ি, কিরীটেশ্বরী মন্দির, ডাহাপাড়া ধামে সকাল থেকেই দর্শনার্থীদের ঢল। বাঁকুড়ার শুশুনিয়া পাহাড়, জয়পুর জঙ্গল, পুরুলিয়ায় অযোধ্যা পাহাড়, মুরগুমা জলাধার, বামনি ফলস সহ রাজ্যের বিভিন্ন পর্যটনস্থলেই উৎসাহী মানুষের ভিড় লক্ষ্য করা যায়।

*********************

ইংরেজী নববর্ষের প্রথম দিনে আজ কল্পতরু উৎসব পালিত হচ্ছে। ১৮৮৬ সালে আজকের দিনে ঠাকুর শ্রীরামকৃষ্ণ 'কল্পতরু' হয়ে ভক্তদের মনোবাঞ্ছা পূর্ণ করেছিলেন। এই উপলক্ষে উত্তর কলকাতার কাশীপুর উদ্যানবাটিতে ভোর থেকেই ভক্তদের ভিড় উপচে পড়ে। চলেছে মঙ্গলারতি ও পুজো পাঠ। দক্ষিণেশ্বর মন্দিরে আয়োজন করা হয় বিশেষ অনুষ্ঠানের। মা ভবতারিণীর মন্দির বিশেষ সাজে সেজে উঠেছে।

এছাড়াও, বেলুড় মঠ, কামারপুকুর, জয়রামবাটি, আদ্যাপীঠ এবং রামকৃষ্ণ মিশনের বিভিন্ন মঠ ও মন্দিরে চলেছে পূজার্চনা।

*********************

বর্ধমানের বামচাঁদাইপুরের ১৯ নম্বর জাতীয় সড়কে মর্মান্তিক পথ দুর্ঘটনায় আজ বাবা মা ও ছেলের মৃত্যু হয়েছে। জানা গেছে, একটি গাড়িতে করে দুর্গাপুরের সিটি সেন্টার থেকে কলকাতার দিকে যাওয়ার সময় বামচাঁদাইপুরের কাছে সেটি নিয়ন্ত্রণ হারিয়ে একটি গ্যাস ট্যাঙ্কারের পেছনে ধাক্কা দেয়। ঘটনাস্থলেই বাবা শেখ মহম্মদ মুর্শেদ, মা রেজিনা খাতুন এবং ছেলে শেখ শাহনাওয়াজের মৃত্যু হয়।

গুরুতর আহত অবস্থায় হাসপাতলে চিকিৎসাধীন গাড়ির চালক সাহেব মুন্সী।

*********************

উত্তুরে বাতাসে ভর করে বছরের প্রথম দিনেও শীতের দাপট অব্যাহত। দক্ষিণবঙ্গের অনেক জায়গার তাপমাত্রাই উত্তরবঙ্গের কালিম্পং-এর থেকে কম হয়ে যায়।

সকালের দিকে কুয়াশাচ্ছন্ন থাকলেও বেলা বাড়ার সঙ্গে সঙ্গে কুয়াশা কেটে আকাশ রোদ ঝলমল। আগামী দুদিনে দক্ষিণ বঙ্গের ন্যূনতম তাপমাত্রা কিছুটা বাড়তে পারে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান হবিবুর রহমাণ বিশ্বাস জানিয়েছেন।

( বাইট- হবিবুর )

*********************

গতবারের বিজয়ী বাংলা, নাগাল্যান্ডের বিরুদ্ধে ম্যাচ দিয়ে ৭৯-তম জাতীয় ফুটবল সন্তোষ ট্রফিতে অভিযান শুরু করবে। গ্রুপ-এ'তে অন্য দলগুলি হল তামিলনাড়ু, উত্তরাখণ্ড, রাজস্থান ও আয়োজক অসম। ২১ শে জানুয়ারি সন্তোষ ট্রফি শুরু হবে। প্রথম দিন বাংলা মাঠে নামবে।

**********************************************************************